



অনলাইনে চাকরি অনুসন্ধান



দোস্তু একটা
হেল্প করতে পারবি?
খুবই ঝামেলায়
আছি।

আচ্ছা বল আগে শুনি

তোর বড় ভাইয়াকে
একটু জিজ্ঞাসা করবি,
যে কোথাও কোনো ভ্যাকেন্সি
আছে কী না? আমার একটা
জব খুবই দরকার।

আচ্ছা ভাইয়াকে আমি জিজ্ঞাসা করবো
কিন্তু দোস্তু তুই নিজেই তো অনলাইনে
পছন্দ মত চাকরী খুজেঁ নিতে পারিস।

আরে কী
বলিস?
কীভাবে?

শোন আমাদের দেশে কিছু জব সাইট
এবং কিছু অনলাইন সংবাদমাধ্যম
নিয়মিত চাকরির খবর প্রকাশ করে।

এসব সার্ভিস ব্যবহার করে সহজে চাকরির
খবর বা নিয়োগ বিজ্ঞপ্তি পাওয়া যায়।

দারুণ তো।
কোন কোন সাইট
একটু বলবি?

শোন, bdjobs.com বাংলাদেশের সবচেয়ে
বড় এবং জনপ্রিয় জব পোর্টাল।

এখানে সরকারি বেসরকারি প্রায় সব
ক্যাটাগরিতেই জব সার্চ করা যায়।

ওয়েবসাইটে ব্রাউজ করে অথবা অ্যাপ থেকে
দুইভাবেই এই সার্ভিস ব্যবহার করা যাবে।

বিডিজবসে অ্যাকাউন্ট খুলে নিলে এই
সার্ভিসের ব্যক্তিগত আইডি নাম্বার দিয়েই
অনেক জবের অ্যাপ্লাই করা যায়।

তারপর জাতিসংঘের বিভিন্ন চাকরি ও
ইন্টার্নশিপের তথ্য UN Career Site এ পাবি।

এই সাইটের লিঙ্ক হলো, [https://-
careers.un.org/lbw/home.aspx](https://careers.un.org/lbw/home.aspx)

তারপর বাংলা সার্চ ইঞ্জিন পিপীলিকাতে
চাকরির খবর সার্চ করার জন্য পিপীলিকা
জবস নামে আলাদা একটি অপশনই আছে।

এখানে (<https://jobs.pipilika.com/>) গিয়ে
চাকরি সম্পর্কিত বিভিন্ন তথ্য সার্চ করতে পারবি।

আবার বাংলাদেশের সকল সরকারি ব্যাংকে চাকরির
আবেদন ও নিয়োগের সকল তথ্য বাংলাদেশ ব্যাংকের
ই-রিক্রুটমেন্ট ওয়েবসাইট থেকে পাওয়া যাবে।

এই ওয়েবসাইটে একটি অ্যাকাউন্ট করে
রাখলে এই একটি অ্যাকাউন্ট দিয়ে
সকল ব্যাংকে আবেদন করতে পারবি।

এই ওয়েবসাইটের লিঙ্ক হলো -
<https://erecruitment.bb.org.bd/>

আমি তো এসব
জানতামই না।
তারপর?

তারপর, বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন
এর bpsc.gov.bd ওয়েবসাইট এটি।

এখানে সরকারি বিভিন্ন চাকরির
বিজ্ঞপ্তির পাশাপাশি অনলাইনে
আবেদনের রেজিস্ট্রেশনও করা যায়।

তারপর chakri.com বেশ পরিচিত একটি জব পোর্টাল।

৫০ টিরও বেশি ক্যাটাগরিতে চাকরি
খোঁজার সুযোগ রয়েছে এখানে।

তারপর skills.jobs একটি গ্লোবাল
জব মার্কেট যাতে ২০ টিরও বেশি
ক্যাটাগরি পাওয়া যাবে।

তারপর kormobd.com অ্যাপভিত্তিক জব পোর্টাল কর্মবিডি
মূলত গুগল সার্চ ইঞ্জিন ব্যবহার করে চাকরি খুঁজে দেয়।

তাহলে তো
খুবই ভালো। আরও
আছে নাকি?
জলদি বল

হ্যাঁ আছে শোন,

bdjobstoday.com
এই ওয়েবসাইটে মূলত পত্রিকা
ভিত্তিক চাকরির খবরগুলো পাওয়া
যাবে। ১৫ টি ক্যাটাগরিতে সরকারি
ও বেসরকারি বিভিন্ন চাকরির খবর
পাওয়া যাবে এখানে।

তারপর jobxprss.com একটি
সাম্প্রতিক উদ্যোগ হলেও এটি
ব্যবহার করে নির্দিষ্ট স্কিল ডেভেলপ
করার জন্য বিভিন্ন কোর্স করা যায়।

সেই সাথে চাকরির বিভিন্ন পোস্টে অ্যাপ্লাই করা যায়।

আবার linkedin.com কোন জব
পোর্টাল না। তবে এখানে জব খোঁজার
জন্য বেশ কিছু ফিচার আছে।

এর জব লিস্টিং এবং নেটওয়ার্ক আউটরিচ বুটস্ট্র্যাপিং ফিচারের মাধ্যমে কাজ্জিত চাকরি খুঁজে নেয়া এবং ইউজারদের নেটওয়ার্কও তৈরি করা যায়।

এছাড়া ফেসবুকও লিংকড-ইনের মতই। এটি সামাজিক যোগাযোগের মাধ্যমে ব্যবহৃত হলেও এখানে চাকরি প্রত্যাশী এবং চাকরি দাতাদের নিয়ে ফেসবুক গ্রুপ আছে।

এসব গ্রুপে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়।

এতক্ষণ যা বললাম এই ওয়েবসাইটগুলো ছাড়াও আরো অনেক ওয়েবসাইট আছে যেসব ব্যবহার করে চাকরির খবর পাওয়া যাবে-

prothomalo.com/chakri
dhakapost.com/jobs-career
tbsnews.net/bangla/চাকরি
banglatribune.com/jobs
careers.un.org
job.com.bd
glassdoor.com

বুঝলি?

বুঝেছি
কিন্তু তুই এত কিছু
জানলি কীভাবে?

বাসার শিখিয়েছে। জানিস না তো
সারাক্ষণ এটা করো এটা করো না।
এমন করতেই থাকে।

তাহলে দোস্ত
তোকে একা না সাথে
বাসার ভাইকেও
ধন্যবাদ।